

## অকল্যান্ডগামী উড়োজাহাজে যান্ত্রিক ত্রুটি, আহত ৫০

- A Monitor Desk Report

Date: 12 March, 2024



**অকল্যান্ড:** যান্ত্রিক ত্রুটির কারণে বড় ধরনের ঝাঁকুনি অনুভূত হয়েছে অস্ট্রেলিয়ার সিডনি থেকে নিউজিল্যান্ডের অকল্যান্ডগামী লাটাম এয়ারলাইনসের একটি উড়োজাহাজে। এর ফলে যাত্রী ও কর্মচারীসহ অন্তত ৫০ জন আহত হয়েছেন। নিউজিল্যান্ডভিত্তিক সংবাদমাধ্যমের বরাত দিয়ে সংবাদ সংস্থা এ খবর দিয়েছে।

মার্কিন ফ্লাইট ট্র্যাকিং ডেটা ও পণ্য সরবরাহকারী বহুজাতিক প্রযুক্তি সংস্থা ফ্লাইট অ্যাওয়ার বলেছে, চিলির লাটাম এয়ারলাইনসের বোয়িং ৭৮৭-৯ ডিমলাইনারের এলএ ৮০০ ফ্লাইটটি নির্ধারিত সময়ে সোমবার (১১ মার্চ) বিকেল নাগাদ অকল্যান্ডে অবতরণ করেছে। ফ্লাইটটি চিলির সান্তিয়াগো যাওয়ার পথে অকল্যান্ডে বিরতির জন্য থামে।

লাতিন আমেরিকান এয়ারলাইনের একজন মুখপাত্র বলেছেন যে, যান্ত্রিক ত্রুটির কারণে বেশ কয়েকজন যাত্রী এবং ফ্লাইট কর্মচারী শারীরিক ও মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছেন। তবে এ বিষয়ে এখনো বিস্তারিত তথ্য জানানো হয়নি।

নিউজিল্যান্ডের অ্যাম্বুলেন্স পরিষেবাগুলোর শীর্ষস্থানীয় সরবরাহকারী সংস্থা হাতো হোন সেন্ট জন প্রায় ৫০ জনকে চিকিৎসা দিয়েছে। এদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। তবে বাকিরা হালকা থেকে মাঝারি মাত্রায় আহত হয়েছেন।

ফ্লাইটের এক যাত্রী তার অভিজ্ঞতার কথা বলেছেন। তিনি বলেন, দ্রুত কয়েকবার নিচে নেমে গিয়েছিল ফ্লাইটটি।

বোয়িং এবং লাটাম এ ঘটনার কারণ এবং প্রকৃতি সম্পর্কে প্রশ্নের তাৎক্ষণিক কোনো জবাব দেয়নি।

